



## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৫-১০৪

তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২৫

### প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,  
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া  
ঢাকা।

#### ১২ মার্চ ২০২৫ তারিখে আসছে CIBRR-2 Socio-Economic Sukuk (৫ম ‘বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক’)

‘পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ (২য় পর্যায়) (CIBRR-2)’ শীর্ষক প্রকল্পের বিপরীতে CIBRR-2 Socio-Economic Sukuk নামে ৫ম ‘বাংলাদেশ সরকার বিনিয়োগ সুকুক’ ইস্যুর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে ২৭/০২/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ ব্যাংকের ‘শরিয়াহ্ এডভাইজরি কমিটি’ এর সভায় সুকুক প্রসপেক্টাস ও অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি চূড়ান্তকরত কমিটির সদস্যগণ শরিয়াহ্ ঘোষণাপত্র (Sharia’h Pronouncement) এ স্বাক্ষর করেছেন। ৩,০০০.০০ কোটি টাকার ০৭ বছর মেয়াদি আলোচ্য ইজারাহ্ সুকুকের নিলাম আগামী ১২ মার্চ, ২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে। ইজারাকৃত সুকুক সম্পদ ব্যবহারের বিপরীতে সরকার/অরিজিনেটর বিনিয়োগকারীদের বার্ষিক ৯.২৫% হারে ষাণ্মাসিক ভিত্তিতে ভাড়া প্রদান করবে।



উল্লেখ্য, সুকুক ইস্যু পরিমাণ (Issue Amount) এর ৭০% শরিয়াহ্ভিত্তিক ব্যাংক, ফাইন্যান্স কোম্পানি ও বীমা কোম্পানি, ১০% কনভেনশনাল ব্যাংকসমূহের ইসলামিক ব্রাঞ্চ ও উইভোজ এবং দেশী বিদেশী ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারীদের সুকুকে বিনিয়োগে উৎসাহিত করতে ২০% সুকুক ব্যক্তি, প্রভিডেন্ট ফান্ড, ডিপোজিট ইস্যুরেঙ্গ প্রভৃতি বিনিয়োগকারীদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে। সকল কনভেনশনাল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বীমা কোম্পানি শর্তসাপেক্ষে নিলামে অংশগ্রহণ করতে পারবে এবং উল্লিখিত ০৩টি শ্রেণিতে প্রয়োজনীয় সাবস্ক্রিপশন না পাওয়া গেলে তাদের মধ্যে অবশিষ্ট সুকুক আনুপাতিক হারে বরাদ্দ দেয়া হবে। নিবাসী ব্যক্তি পর্যায়ের বিনিয়োগকারীগণ তাদের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে সুকুকে বিনিয়োগ করতে পারবে। অনিবাসী ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণ বাংলাদেশে কার্যরত যে কোনো ব্যাংকে তাঁর/তাদের নামে পরিচালিত অনিবাসী বৈদেশিক মুদ্রা হিসাব অথবা অনিবাসী টাকা হিসাবের মাধ্যমে সুকুকে বিনিয়োগ করতে পারবে এবং মুনাফা, বিক্রয়লব্ধ অর্থ ও মেয়াদপূর্তিতে প্রাপ্ত আসল বৈদেশিক মুদ্রায় (সকল প্রকার প্রযোজ্য ফি এবং কর কর্তনপূর্বক) প্রত্যাবাসনযোগ্য।

আলোচ্য সুকুকটি সামাজিক উন্নয়নমূলক প্রকল্পের বিপরীতে ইস্যু করা হবে যার মাধ্যমে গ্রামীণ সড়ক যোগাযোগ ব্যবস্থা ও প্রকল্প এলাকার আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন, কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষি ও অকৃষি পণ্য পরিবহন ব্যবস্থা সহজীকরণ ও ব্যয়হ্রাস এবং স্বল্প ও দীর্ঘ মেয়াদে কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত হবে।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাইদা খানম)

পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র  
ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।  
টেলিফোন: ৯৫৩০৩০০; মোবাইল: ০১৭১১১৫৪৭৭৮  
E-mail: sayeda.khanam@bb.org.bd